গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

স্মারক নং ২৫.০০.০০০০.০৩২.১৪.০২০.১৫/ ৩২২ তারিখঃ ২৭/০৯/২০১৮খ্রিঃ

বিষয়ঃ সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ০৫.০৮.২০১৮ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার এর সভাপতিত্বে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পের উপর স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৪৯৬০২

পরিচালক,
নগর উন্নয়ন অধিদপ্তর,
সেগুনবাগিচা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রকল্প পরিচালক, "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্প, সেগুনবাগিচা, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন),মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৪. যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ শহীদ উল্লা খন্দকার<br>সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ০৫-০৮-২০১৮ইং |
| সময় | : দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : সম্মেলন কক্ষ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| সভায় উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট "ক"। |

১.০ সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। তিনি সভার মূল কার্যক্রম উপস্থাপনের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধানকে অনুরোধ জানান। যুগ্ম-প্রধান নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পটি সভায় উপস্থাপন করেন।

২.০ যুগ্ম প্রধান জানান যে, "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পটি জুলাই ২০১৩ হতে জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটির কাজ সমাপ্ত না হওয়ায় মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০১৭ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে প্রকল্পটি সংশোধন করে মেয়াদ জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। গত জুন ২০১৮ তে প্রকল্পটি সমাপ্ত হয়েছে এবং প্রকল্পের খসড়া চূড়ান্ত প্ল্যান প্রণীত হয়েছে। নিয়ম মোতাবেক প্রকল্পের আওতায় প্রণীত খসড়া চূড়ান্ত প্ল্যান গেজেট আকারে প্রকাশ করার জন্য স্টিয়ারিং কমিটির সভা আহবান করা হয়েছে। তিনি প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের বিস্তারিত বিবরণ উপস্থাপনের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করেন।

৩.০ এ পর্যায়ে প্রকল্প পরিচালক প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, প্রকল্প এলাকা, কাজের ধরণ, কি ধরনের কাজ সম্পন্ন করা হয়েছে তা পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, এ প্রকল্পের তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে বিভিন্ন জরিপ সম্পন্ন করার পাশাপাশি বিভিন্ন স্টেকহোল্ডারগণের সাথে সভা, ওয়ার্কশপ, জাতীয় পর্যায়ে সেমিনার, মাসব্যাপী গনশুনানী সম্পন্ন করা হয়েছে এবং তাদের মতামত সমূহ Final Plan Report এ অন্তর্ভক্ত করা হয়েছে এবং প্রকল্পের Technical Management Committee (TMC) কর্তৃক সুপারিশ করা হয়েছে। তিনি আরো বলেন যে, প্রকল্পের সকল তথ্য, ম্যাপ ও রিপোর্ট প্রকল্পের ওয়েবসাইটে দেয়া আছে। তবে প্রকল্প সমাপ্তির পর রিপোর্ট ছাপানোর কাজটি সম্পন্ন করার কথা ছিল কিন্তু অনিবার্য কারনবশতঃ রিপোর্ট প্রিন্ট করা সম্ভব হয়নি। সভাপতি কাজটি কিভাবে সম্পন্ন হবে তা জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন যে, নগর উন্নয়ন অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ-বছরের রাজস্ব বাজেট হতে রিপোর্ট ছাপানোর কাজটি সম্পন্ন করা যেতে পারে। সভায় উপস্থিত সকল সদস্যগণ এতে একমত পোষন করেন এবং গেজেট প্রকাশের সাথে সাথে প্রকল্পের সকল তথ্য এর সফটকপি সংশ্লিষ্ট উপজেলা/জেলা/বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।

৪.০ ভূমি মন্ত্রনালয়ের প্রতিনিধি সভায় জানতে চান যে, ভূমি মন্ত্রনালয় কর্তৃক প্রনীত Land Zoning প্রকল্পের সাথে ১৪ উপজেলা প্রকল্পের প্রনীত মাস্টার প্ল্যান সমূহ সাংঘর্ষিক হবে কিনা? এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক বলেন যে, ভূমি মন্ত্রনালয় কর্তৃক প্রনীত Land Zoning প্রকল্পে মৌজার দাগ ভিত্তিক ভূমি ব্যবহার করা হয়নি যা ১৪ উপজেলা প্রকল্পে করা হয়েছে। উপরোন্ত ১৪ উপজেলা প্রকল্পে অন্তর্ভূক্ত প্রতিটি মৌজার প্রতিটি দাগের বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করা হয়েছে যার মধ্যে কৃষি জরীপ ছাড়াও আরো আট ধরনের

জরীপলব্ধ তথ্য সন্নিবেশিত আছে। তাছাড়া উক্ত প্রকল্পে প্রকল্প এলাকার বিভিন্ন প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগকে বিবেচনায় নিয়ে Risk Sensitive Land Use Plan তৈরী করা হয়েছে।

৫.০ ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের প্রতিনিধি বলেন যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণীত Mymensingh Strategic Development Plan (MSDP) প্রকল্পের আওতায় প্রণীত ময়মনসিংহ বিভাগীয় শহরের মাস্টার প্ল্যান ইতিমধ্যে সর্বমহলের প্রশংসা অর্জন করেছে। তিনি ১৪ উপজেলা প্রকল্পটি MSDP প্রকল্পের মতো করা হয়েছে কিনা জানতে চান। এ প্রসঙ্গে নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক বলেন যে, ১৪ উপজেলা প্রকল্পের ১৪টি উপজেলার মাস্টার প্ল্যান MSDP প্রকল্পের একই ধারায় তৈরী করা হয়েছে। MSDP প্রকল্পের আদলে হওয়ায় এই প্রকল্পের প্ল্যানগুলোও জনগণ ও প্রশাসনের কাজে লাগবে।

৬.০ স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি বলেন যে, ১৪ উপজেলার মাঠ পর্যায়ে কাজ চলমান থাকার সময় তিনি ফরিদপুর সদর উপজেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্মরত থেকে সরেজমিনে ১৪ উপজেলার কাজ পরিদর্শন করেছেন। তিনি ১৪ উপজেলার পরিকল্পনা প্রণয়ন কাজে সন্তুষ্টি প্রকাশ করেন।

৭.০ এ পর্যায়ে IMED এর প্রতিনিধি ১৪ উপজেলা প্রকল্পের পিসিআর জমা দেয়ার জন্য প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষন করেন। সভাপতি দ্রতি পিসিআর প্রণয়ন করে তা মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশ প্রদান করেন।

৮.০ বিস্তারিত আলোচনান্তে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পের আওতায় প্রণীত চূড়ান্ত খসড়া মাস্টার প্ল্যানের বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

৮.১ প্রকল্পটির রিপোর্টসমূহ ছাপানোর কাজটি নগর উন্নয়ন অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরের রাজস্ব বাজেট থেকে সম্পন্ন করতে হবে।

৮.২ প্রকল্পের 'Projcet Completion Report (PCR)' দ্রুত মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

৮.৩ প্রকল্পের সকল তথ্য এর সফটকপি সংশ্লিষ্ট উপজেলা/জেলা/বিভাগীয় কমিশনারে কার্যালয় এবং মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৮.৪ "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস" শীর্ষক প্রকল্পের আওতায় প্রণীত খসড়া চূড়ান্ত প্ল্যানসমূহ গেজেটে প্রকাশের জন্য সুপারিশ করা হলো।

৯.০ পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০৯/১৮

(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়